# বার্ষিক প্রতিবেদন

# ২০২৩-২০২৪

প্রকাশনায়
উপজেলা সমবায় কার্যালয়
গোমস্তাপুর, চাঁপাইনবাবগঞ্জ।

জেলা সমবায় কর্মকর্তা
চাঁপাইনবাবগঞ্জ



# বাণী

১৯০৪ সাল থেকে সমবায় বিভাগ বাংলাদেশের আর্থসামাজিক উন্নয়ন, দারিদ্র বিমোচন, কর্মসংস্থানে ব্যাপক ভূমিকা পালন কর আসছে। সমবায় সংগঠনের মাধ্যমে দেশের কৃষি পন্য উৎপাদনসহ ক্ষুদ্র ও বৃহৎ শিল্পের এবং মৎস্য, দুগ্ধ উৎপাদনের মাধ্যমে অর্থনৈতিক অবদান রেখে চলেছে। অর্থনৈতিক সকল খাতেই আজ সমবায় কর্মকান্ড পরিচালিত হচ্ছে।

চাঁপাইনবাবগঞ্জ জেলার একটি ঐতিহ্যবাহী উপজেলার নাম নাচোল। বরেন্দ্রভূমি অধ্যুষিত এই উপজেলার কৃষি ও মৎস্য উৎপাদনে সুখ্যাতি থাকার কারনে এখানে গড়ে উঠেছে অনেক সমবায় সমিতি। নাচোল উপজেলা সমবায় দপ্তর এখানে গড়ে উঠা সমবায় সংগঠনগুলোকে নিয়ে কৃষি ও প্রানীজ আমিষ উৎপাদন, সংরক্ষণ ও বাজারজাতকরণের মাধ্যমে স্থানীয় অর্থনীতি তথা সামষ্টিক অর্থনীতিতে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখছে।

উপজেলা সমবায় দপ্তর, নাচোল, চাঁপাইনবাবগঞ্জ তৃতীয় বারের মতো বার্ষিক প্রতিবেদন ২০২৩-২০২৪ প্রকাশ করছে জেনে আমি অত্যন্ত আনন্দিত। প্রতিবেদনটিতে অত্র উপজেলার সমবায় বিভাগের কার্যক্রমের পরিধি হিসেবে সমবায় সমিতিগুলোর সার্বিক কর্মকান্ড ও সমবায়ী জনগণের সেবা প্রদান সংক্রান্ত যাবতীয় তথ্যাদি সন্নিবেশিত হয়েছে।

প্রকাশনাটি উপজেলা সমবায় দপ্তর, নাচোল, চাঁপাইনবাবগঞ্জ এর কর্মকান্ড প্রচারে অবদান রাখবে এবং উক্ত দপ্তরের সেবা প্রত্যাশী সাধারন জনগণ ও সমবায়ীগণ উপকৃত হবে বলে আমি বিশ্বাস করি। যাদের প্রচেষ্টা ও পরিশ্রমের ফলে এই প্রতিবেদন প্রনয়ন সম্ভব হয়েছে- তাদের সকলকে জানাই আন্তরিক ধন্যবাদ ও সমবায়ী শুভেচ্ছা।

মোঃ মোস্তাফিজুর রহমান

উপজেলা সমবায় কর্মকর্তা
গোমস্তাপুর, চাঁপাইনবাবগঞ্জ



## মুখবন্ধ

উপজেলা সমবায় কার্যালয়, গোমস্তাপুর, চাঁপাইনবাবগঞ্জ এর আওতায় নিবন্ধিত সমবায় সমিতিসমূহ অত্র উপজেলার আর্থ-সামাজিক অগ্রগতি অর্জনে দীর্ঘদিন যাবৎ প্রশংসনীয় ভূমিকা পালন করে আসছে। উপজেলার বিভিন্ন পেশাভিত্তিক জনগোষ্ঠির মাধ্যমে সমবায় সমিতি গঠনপূর্বক তাদের ক্ষুদ্র ক্ষুদ্র সঞ্চয়কে একীভূত করে সমবায় আন্দোলন অর্থনৈতিক উন্নয়নের ভিত্তি স্থাপন করেছে। অত্র উপজেলার অর্থনৈতিক উন্নয়ন ও মানব সম্পদের দক্ষতা বৃদ্ধি ত্বরান্বিত করতে সমবায় আন্দোলনের বিকল্প নাই।

অত্র কার্যালয়ের জনগণের জন্য সেবার তথ্য, সমবায় সমিতি সমূহের সার্বিক কার্যক্রম, সমবায় সমিতির উৎপাদন, নারী সমবায়ীদের কর্মকান্ড তুলে ধরার জন্য তৃতীয় বারের মতো উপজেলা সমবায় কার্যালয়, গোমস্তাপুর, চাঁপাইনবাবগঞ্জ ২০২৩-২০২৪ খ্রি. সনের বার্ষিক প্রতিবেদন প্রকাশ করছে। প্রতিবেদনটি সেবাগ্রহীতা জনগণ, সমবায়ী, গবেষক, সমবায় আন্দোলনের সহিত সম্পৃক্ত ব্যক্তিবর্গ, স্থানীয় সাংবাদিকসহ সকল মহলের জন্য সহায়ক হবে বলে আমি আশা করি।

বার্ষিক প্রতিবেদন ২০২৩-২০২৪ খ্রি. প্রণয়নের জন্য তথ্য সংগ্রহ, প্রক্রিয়াকরণ ও সম্পাদনের জন্য প্রণয়নের সাথে সংশ্লিষ্টদের জানাই আন্তরিক মোবারকবাদ। বার্ষিক প্রতিবেদনে অনিচ্ছাকৃত ও মুদ্রনজনিত ভূল-ক্রুটির জন্য ক্ষমাপ্রার্থী, মানোন্নয়নে সকলের পরামর্শ সাদরে গৃহীত হবে।

মোঃ সুলতান আলম খান

# চাঁপাইনবাবগঞ্জ গোমস্তাপুর উপজেলার বার্ষিক প্রতিবেদন প্রকাশ ২০২৩-২০২৪ খ্রি.

**উপজেলা সমবায় কার্যালয়, গোমস্তাপুর চাঁপাইনবাবগঞ্জ এর বিগত ০৩ বৎসরের অর্জিত সাফল্য :**

সমবায়কে উন্নয়নমুখী ও টেকসই করার জন্য সমবায় অধিদপ্তরের কাজের ধারাবাহিকতা রক্ষার পাশাপাশি ভবিষ্যৎ চ্যালেঞ্জ মোকাবেলার ভিত্তি প্রস্তুতের ক্ষেত্রে উপজেলা সমবায় কার্যালয়,.গোমস্তাপুর,,চাঁপাইনবাবগঞ্জ বিগত তিন বৎসরে উল্লেখযোগ্য সাফল্য অর্জন করে। কর্মকর্তাগণের উদ্ভাবনী প্রয়াসের ফলে সমবায়কে আরও গণমানুষের সংগঠনে পরিণত করতে ও এর গুণগত মান উন্নয়নে এ উপজেলায় উৎপাদনমুখী ও সেবাধর্মী সমবায় গঠন,সমবায় উদ্যোক্তা সৃষ্টির কৌশল অবলম্বন, সমবায় পণ্য উৎপাদন ও বাজারজাতকরণে সহায়ক ভূমিকা পালন করতে সক্ষম হয়।বিগত তিন বছরে মোট ৩০টি নতুন সমবায় সমিতি গঠন এবং ৬৫০ জনকে নতুনভাবে সমবায়ে সদস্যভুক্ত করা হয়েছে। ২০২১-২০২২ নিরীক্ষা বর্ষে ২১৮টি,২০২২-২০২৩ নিরীক্ষা বর্ষে ২২২টি,২০২৩-২০২৪ নিরীক্ষা বর্ষে ২৪৮টি সমবায় সমিতির নিরীক্ষা সম্পন্ন করা হয়। ভ্রাম্যমাণ টিমের মাধ্যমে ১০০জন সমবায়ীকে চাহিদা ভিত্তিক প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। এছাড়াও 'এসডিজি' অর্জন এবং ৭ম পঞ্চবার্ষিকী পরিকল্পনার আলোকে সমবায় অধিদপ্তর কর্তৃক গৃহীত উন্নয়ন প্রকল্পের কিছু কার্যক্রম এ উপজেলায় সমবায় বিভাগে বাস্তবায়ন করা হচ্ছে। বাস্তবায়িত ও চলমান এ সকল প্রকল্পগুলোর মাধ্যমে বিগত ০৩ বছরে ৭৫ জন গ্রামীণ মহিলা ও বেকার যুবককে স্বাবলম্বীকরা হয়েছে।এছাড়া প্রধান উপদেষ্টা দপ্তরের আশ্রয়ণ প্রকল্পের আওতায় ০০০/- টাকা ঋণ বিতরণ এবং ৪৯৩৫০০০/- টাকা আসল ও ৩৯৪৮০০/- সার্ভিস চার্জ আদায় এবং অংশ মোতাবেক আবাসের অংশ ৩%, ১৪৮০৫০/- টাকা, সমিতির অংশ ৩%, ১৪৮০৫০/- টাক এবং ব্যক্তির অংশ ২%, ৯৮৭০০/- বিতরন করা হয়েছে।

## সমস্যা এবং চ্যালেঞ্জসমূহঃ

উন্নয়নমুখী ও টেকসই সমবায় গঠনের মাধ্যমে রাজশাহী বিভাগের বিভিন্ন শ্রেণি-পেশার মানুষের আর্থ-সামাজিক উন্নয়নে গোমস্তাপুর উপজেলা সমবায় কার্যালয়ের চ্যালেঞ্জ বহুবিধ। এ উপজেলায়নিবন্ধিত সমবায় এর সংখ্যা বিভাগীয় ২৪৮ টি ও পউবে ভুক্ত ৩৩৯ টি। নানা শ্রেণি ও পেশার সম্মিলনে তৈরী হওয়া বৈচিত্রময় কার্যক্রমে পূর্ণ বিপুল সংখ্যক সমবায় সমিতিতে সুশাসন প্রতিষ্ঠার জন্য পরিদর্শন, নিরীক্ষাসহ অন্যান্য বিধিবদ্ধ পদ্ধতি ব্যবহার করে নিবিড়ভাবে মনিটরিং করা অন্যতম বড় চ্যালেঞ্জ। সমবায়ীগণের চাহিদা পূরণে প্রশিক্ষণ ও প্রযুক্তি সহায়তা প্রদান এ সময়ের অন্যতম দাবী। কিন্তু প্রয়োজনীয় জনবল, যানবাহন ও পর্যাপ্ত অর্থ বরাদ্দ না থাকায় রুটিন কাজের মাধ্যমে এ সমস্যার সমাধান সম্ভব হচ্ছে না। তাছাড়া মাঠপর্যায়ে চাহিদা অনুযায়ী উন্নয়ন প্রকল্প না থাকায় সমবায়কে ব্যাপকভিত্তিক উন্নয়নমুখী কার্যক্রমে সম্পৃক্ত করা যাচ্ছে না।

## ভবিষ্যৎ কর্মপরিকল্পনাঃ

সমবায় এর সংখ্যা যৌক্তিক পর্যায়ে নিয়ে আসার জন্য অবসায়নে ন্যস্ত সমবায় সমিতি অবসায়ন কার্যক্রম দ্রুত নিষ্পত্তি করা, ই-রেজিষ্ট্রেশন কার্যক্রম চালু এবং ই-সার্ভিসের আওতায় বিদ্যমান সমবায় সমিতিগুলোর প্রোফাইল ব্যবস্থাপনার জন্য অনলাইনে রিরেজিষ্ট্রেশন কার্যক্রম চালু করা আগামী অর্থ বছরের অন্যতম প্রধান লক্ষ্য। পাশাপাশি এলাকা ভিত্তিক নির্দিষ্ট সংখ্যক সমবায় সমিতি চিহ্নিত করে উৎপাদনমুখী সমিতিতে রূপান্তর করার উদ্যোগ বাস্তবায়ন করা হবে। উদ্ভাবনী উদ্যোগের মাধ্যমে উপজেলা সমবায় কার্যালয়ের নাগরিক সেবা সহজ করা এবংট্রেডভিত্তিক প্রশিক্ষণ ও প্রযুক্তি সহায়তা প্রদান করার মাধ্যমে সমবায়ী উদ্যোক্তা সৃষ্টি ও স্ব-কর্মসংস্থানের পথ সুগম করাও অন্যতম লক্ষ্য।সমবায়ের মাধ্যমে দেশীয় উৎপাদন বৃদ্ধি এবং উৎপাদিত পণ্য সরাসরি ভোক্তাদের নিকট সুলভ মূল্যে পৌছে দেয়ার লক্ষ্যে সমবায় পণ্যের ব্রান্ডিং, বাজারজাতকরণে সহায়তা করা হবে। এছাড়া সমবায়ের মাধ্যমে নৃ-তাত্বিক জনগোষ্ঠী, সুবিধাবঞ্চিত অনগ্রসর জনগোষ্ঠীর মহিলাদের সরাসরি ও বিকল্প কর্মসংস্থান সৃষ্টি, সামাজিক ও আর্থিক বৈষম্য হ্রাস এবং জীবনযাত্রার মান উন্নয়ন ও ক্ষমতায়নের জন্য নতুন প্রকল্প/কর্মসূচি গ্রহণের নিমিত্ত সমবায় অধিদপ্তরে সুনির্দিষ্ট প্রস্তাব দাখিল করা হবে।

## গোমস্তাপুর উপজেলার ক্যাটাগরি ওয়ারি ২০২৪-২০২৫ নিরীক্ষা বর্ষেবরাদ্দকৃত কার্যকর ও অকার্যকর প্রাথমিক সমবায় সমিতির তথ্য:-

| নং | ক্যাটাগরির নাম | সমিতির সংখ্যা |
|---|---|---|
| | | ০১ |
| ১ | কৃষি বা কৃষক সমবায় সমিতি | ১৩১ |
| ২ | মৎস্যজীবী বা মৎস্যচাষী সমবায় সমিতি | ০০ |
| ৩ | শ্রমজীবী সমবায় সমিতি | ০ |
| ৪ | মৃৎশিল্পী সমবায় সমিতি | ০ |
| ৫ | তাঁতী সমবায় সমিতি | ০ |
| ৬ | ভূমিহীন সমবায় সমিতি | ০ |
| ৭ | বিত্তহীন সমবায় সমিতি | ০০ |
| ৮ | মহিলা সমবায় সমিতি | ০২ |
| ৯ | অটোরিক্সা, অটোটেম্পো, টেক্সিক্যাব, মটর ট্রাক বা ট্যাংক লরি চালক সমবায় সমিতি | ০ |
| ১০ | হকার্স সমবায় সমিতি | ০ |
| ১১ | পরিবহন মালিক বা শ্রমিক সমবায় সমিতি | ০ |
| ১২ | কর্মচারী সমবায় সমিতি | ০ |
| ১৩ | দুগ্ধ সমবায় সমিতি | ০ |
| ১৪ | মুক্তিযোদ্ধা সমবায় সমিতি | ০২ |
| ১৫ | যুব সমবায় সমিতি | ০৬ |
| ১৬ | পানি ব্যবস্থাপনা সমবায় সমিতি | ০৩ |
| ১৭ | সার্বিক গ্রাম উন্নয়ন সমবায় সমিতি | ০ |
| ১৮ | গৃহায়ণ (হাউজিং) সমবায় সমিতি | ০০ |
| ১৯ | ফ্ল্যাট বা এপার্টমেন্ট মালিক সমবায় সমিতি | ০০ |
| ২০ | দোকান মালিক বা ব্যবসায়ী বা মার্কেট সমবায় সমিতি | ০৪ |
| ২১ | ভোগ্যপণ্য সমবায়সমিতি | ০০ |
| ২২ | সঞ্চয় ও ঋণদান সমবায় সমিতি | ০০ |
| ২৩ | কো-অপারেটিভ ক্রেডিট ইউনিয়ন | ০০ |
| ২৪ | কো-অপারেটিভ ক্রেডিট সোসাইটি | ০৫ |
| ২৫ | বহুমুখী সমবায় সমিতি | ০০ |
| ২৬ | উৎপাদনমুখী সমবায় সমিতি | ০৫ |
| ২৭ | ক্ষুদ্র ব্যবসায়ী সমবায় সমিতি | ০১ |
| ২৮ | পেশাজীবী সমবায় সমিতি | ০৩ |
| ২৯ | ক্ষুদ্র নৃ-তাত্ত্বিক সমবায় সমিতি | ১৬ |
| ৩০ | অন্যান্য সমবায় সমিতি | ০৬ |
| ৩১ | আশ্রয়ণ সমবায় সমিতি | ৬৩ |
| ৩২ | সিআইজি সমবায় সমিতি | ২৪৮ |
| মোট সমিতির সংখ্যা ঃ | | |

## ০১।উপজেলা সমবায় অফিস , গোমস্তাপুর ,চাঁপাইনবাবগঞ্জ জনবল সম্পর্কিত তথ্য:

| ক্রঃ নং | পদের নাম | মোট মঞ্জুরীকৃত পদের সংখ্য | মোট কর্মরত পদের সংখ্য | মোট শূন্য পদের সংখ্য | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৭ |
| ০১ | উপজেলা সমবায় অফিসার | ০১ | ০১ | ০ | - |
| ০২ | সহকারী পরিদর্শক | ০২ | ০২ | ০ | - |
| ০৩ | অফিস সহকারী কাম কম্পিউটার অপারেটক | ০১ | ০ | ০১ | শূন্যপদ |
| ০৪ | অফিস সহায়ক | ০১ | ০১ | ০ | - |
| | উপজেলার মোট | ০৫ | ০৪ | ০১ | - |

## ২। সমবায় সমিতির সংখ্যা সম্পর্কিত তথ্যঃ

ক)কেন্দ্রীয় সমবায় সমিতিঃ

| ক্রঃ নং | সমিতির শ্রেণী | সংখ্যা |
|---|---|---|
| ১ | ২ | ৩. |
| ১ | কেন্দ্রীয় বিআরডিবি | ০২ |
| | মোট | ০২ |

খ)প্রাথমিক সমবায় সমিতিঃ

| ক্রঃ নং | সমিতির শ্রেণী | সংখ্যা |
|---|---|---|
| ১ | ২ | ৩. |
| ১ | প্রাথমিকসাধারন | ২৪৮ |
| ২ | প্রাথমিক বিআরডিবি | ৩৩৯ |
| | মোট | ৫৮৭ |

## ০৩।২০২৩-২০২৪ খ্রিষ্টাব্দের নিরীক্ষা বর্ষ /নিরীক্ষা সংক্রান্ত তথ্যঃ

| সমিতির শ্রেণী | অডিট বরাদ্দ | অডিট সমাপ্ত | অডিট সম্পাদন বাকী |
|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ |
| কেন্দ্রীয় সমিতি | ০২ | ০২ | ০ |
| প্রাথমিক সমিতি | ২৪৮ | ২৪৮ | ০ |
| মোট | ২৫০ | ২৫০ | ০ |

০৪। কেন্দ্রীয় সমবায় সমিতির সদস্য সমিতির সংখ্যাঃ

| সমিতির প্রকার | সদস্য সংখ্যা |
|---|---|
| ১ | ২ |
| কেন্দ্রীয় বিআরডিবি | ৩৩৯ |
| মোট | ৩৩৯ |

০৫।প্রাথমিক সমবায় সমিতির সদস্যসংখ্যাঃ

| সমিতির প্রকার | সদস্য সংখ্যা |
|---|---|
| ১ | ২ |
| প্রাথমিক সাধারন সমিতি | ৮২০০ |
| প্রাথমিক বিআরডিবি সমিতি | ৭২২০ |
| মোট | ১৫৪২০ |

০৬। সমিতির আদায়কৃত মূলধনঃ

| ক্রঃনং | সমিতির প্রকার | সমিতির সংখ্যা | শেয়ার (লক্ষ টাকায়) | সঞ্চয় (লক্ষ টাকায়) | সংরক্ষিত তহবিল | কর্জদেনা | কার্যকরী মূলধন (লক্ষ টাকায়) |
|---|---|---|---|---|---|---|---|
| ১ | প্রাথমিক সাধারন | ২৪৮ | ৪৮.২৪ | ৫৫.২৬ | ২.৪০০ | ০ | ১১০.৭৮ |
| ২ | প্রাথমিক বিআরডিবি | ৩৩৯ | ৯.০০ | ৬৬.৫৮ | ০ | ১৩৪.৩৪ | ২২৩.৩৯ |
| | মোট | ৬০৪ | ৫৭.২৪ | ১২১.৮৪ | ২.৪০০ | ১৩৪.৩৪ | ৩৩৪.১৭ |

০৭। সমিতির নিরীক্ষা/অডিট ফিঃ

| ধার্য বৎসর | ধার্য | আদায় | মওকুফ | বাকী | আদায়ের হার |
|---|---|---|---|---|---|
| ২০২৩-২৪ | ৩২৩৭০ | ৩২৩৭০ | ০ | ০ | ১০০% |

০৮। সমিতির সমবায় উন্নয়ন তহবিলঃ

| ধার্য বৎসর | ধার্য | আদায় | মওকুফ | বাকী | আদায়ের হার |
|---|---|---|---|---|---|
| ২০২৩-২০২৪ | ৩৭৩০ | ৩৭৩০ | ০ | ০ | ১০০% |

০৯। নিজস্ব তহবিল থেকে কর্জ দাদন সংক্রান্ততথ্যঃ

| নিজস্ব তহবিল থেকে কর্জ দাদনকৃত সমিতির সংখ্যা | দাদনকৃত কর্জের পরিমান (লক্ষ টাকায়) | কর্জ আদায়ের পরিমান (লক্ষ টাকায়) | আদায়ের হার |
|---|---|---|---|
| ৩০ | ১১০.৪০ | ৮৮.৪৭ | ৮৬% |

## ১০। লভ্যাংশ বিতরণ সংক্রান্ত তথ্যঃ

| অডিট বর্ষ | লভ্যাংশ বিতরণকারী সমিতির সংখ্যা | লভ্যাংশ বিতরণের পরিমান | লভ্যাংশ গ্রহনকৃত সদস্য সংখ্যা |
|---|---|---|---|
| ২০২৩-২০২৪ | ৩০ | ০.৫৪ | ৯৪৮ |

## ১১। আশ্রয়ন/আশ্রয়ন ফেইজ-২ প্রকল্পের তথ্যঃ

| প্রকল্পের নাম | সরকার হতে প্রাপ্ত অর্থের পরিমান | উপকারভোগীদের মাঝে প্রদত্ত অর্থের পরিমান ক্রমপুঞ্জিভুত | উপকারভোগীর সংখ্যা | আদায় | | আদায়ের হার % | সার্ভিস চার্জ বিতরন | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | আসল | সা:চার্জ | | | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ |
| আশ্রয়ন ফেইজ-২ | ৮.৪০ | ৪৯.৩৫ | ২১৩ | ৪৯.৩৫ | ৩.৯৪৮ | ১০০% | ৩.৯৪৮ | ০ |

## ১২। ভ্রাম্যমান প্রশিক্ষন সংক্রান্ত তথ্যঃ

| ক্রঃনং | উপজেলারনাম | এ বছরের লক্ষ্যমাত্রা | জুন২০২৪ মাস পর্যন্ত সমাপ্তকোর্সেরসংখ্যা | মোটকোর্সেরসংখ্যা | প্রশিক্ষণেরঅংশগ্রহণকারীসদস্যেরসংখ্যা | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|
| ১ | গোমস্তাপুর | ১০০ | ০৪ | ০৪ | ১০০ | |

## ১৩। আইজিএ প্রশিক্ষন সংক্রান্ত তথ্যঃ

| প্রশিক্ষনের ধরণ | প্রশিক্ষনার্থীর ধরণ | কোর্স সংখ্যা | প্রশিক্ষনার্থীর সংখ্যা | | | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|
| | | | পুরুষ | মহিলা | মোট | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ |
| আইজিএ | সমবায়ী | -- | --- | -- | -- | --- |

## উপজেলায় সমবায়ের মাধ্যমে চলমান প্রকল্প সমুহঃ

১. আশ্রয়ণ প্রকল্প/আশ্রয়ণ ফেইজ-২

- প্রাথমিক সমবায় সমিতিগুলোকে অবসায়নে ন্যাস্ত, অবসায়ক নিয়োগ এবং সমিতির নিবন্ধন বাতিল অথবা অবসায়ন কার্যক্রম বন্ধ রেখে সমিতির অস্তিত্ব বহাল রাখার সুপারিশ নিবন্ধক বরাবরে প্রেরণ।
- প্রাথমিক সমিতির ব্যবস্থাপনা কমিটির নির্বাচন যথা সময়ে অনুষ্ঠান করতে ব্যার্থ হলে ৫০০০০/-টাকা নিম্নে অন্তবর্তী কমিটি নিয়োগ এবং উর্দ্ধে নিবন্ধক বরাবরে সুপারিশ প্রেরণ ।
- জেলার সকল কেন্দ্রীয় ও প্রাথমিক সমবায় সমিতির যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক ধার্যকৃত অডিট ফি ও সমবায় উন্নয়ন তহবিল আদায়ের ক্ষেত্রে আইনানুগ ব্যবস্থা গ্রহণ।
- প্রাথমিক সমিতির অডিট ফি আংশিক হ্রাস বা সম্পূর্ণ মওকুফ এর সুপারিশ প্রেরণ।
- উপজেলার সকল প্রাথমিক সমবায় সমিতির পরিদর্শন।
- সকল প্রাথমিক সমবায় সমিতির কার্যক্রম তদন্ত ও তদন্তের পরিপ্রেক্ষিতে আইনানুগ ব্যবস্থা গ্রহণ।
- প্রাথমিক সমবায় সমিতির সদস্য/ জামিনদারগনকে বকেয়া ঋণ পরিশোধের জন্য নির্দেশ প্রদান।
- সকল প্রাথমিক সমবায় সমিতির ব্যবস্থাপনা নিয়ন্ত্রন, অডিট সম্পাদনপ্রয়োজনীয় ব্যবস্থা গ্রহন।
- উপজেলাধীন সমবায় বিভাগীয় সকল প্রকল্প গ্রহণ এবং ঋণ দাদন ও আদায়ের তদারকীকরণ।
- যে সকল সমবায় সমিতির শেয়ার মূলধন ৫০,০০০/- টাকার কম, সে সকল সমিতির নির্বাচন কমিটি ও অন্তবর্তী ব্যবস্থা কমিটির নিয়োগ দান।
- সমবায় সমিতি সম্পর্কীত তথ্যাদি প্রদান, প্রশিক্ষণ/ ভ্রাম্যমাণ প্রশিক্ষণ ইউনিট কর্তৃক প্রশিক্ষণ প্রদান, সমবায় একাডেমী ও আঞ্চলিক লোক প্রশাসন কেন্দ্র এবং আঞ্চলিক সমবায় প্রশিক্ষনায়তনে প্রশিক্ষণের জন্য প্রশিক্ষণার্থী মনোনয়ন ও প্রেরণ নিশ্চিতকরণ।
- সমবায় সমিতির গঠন, সঞ্চয় ও আত্মকর্মসংস্থান এবং সমবেত প্রচেষ্টার মাধ্যমে ব্যক্তি/ গোষ্ঠির উদ্বুদ্ধকরণ এবং সমিতির কার্যাদি পরিচর্যাকরণ।
- জাতীয় ও আন্তর্জাতিক সমবায় দিবস উদ্‌যাপন, সমবায়ের মাধ্যমে জনসেবা, বৃক্ষরোপন ও পানি ব্যবস্থাপনা কমিটি গঠন ।
- সমবায়ের মাধ্যমে স্থানীয় সম্পদ ব্যবহার করে প্রকল্প গ্রহণ, উহা বাস্তবায়নে উদ্বুদ্ধকরণ ও পৃষ্টপোষকতার মাধ্যমে দারিদ্র নিরসন ও আর্থ সামাজিক উন্নয়ন।

<u>খ) বিচারিক সেবা সমূহঃ</u>

<u>গ) প্রশাসনিক সেবা সমূহঃ</u>

<u>ঘ) আন্তঃ বিভাগীয় সমন্বয়ের মাধ্যমে সেবা ঃ</u>

- উপজেলা প্রশাসন ও অন্যান্য উপজেলা পর্যায়ে কর্মকর্তাদের সঙ্গে যোগাযোগ রক্ষা, উপজেলা উন্নয়ন ও সমন্বয় কমিটিতে সমবায় সংক্রান্ত সমস্যা উপস্থাপন ও সমাধানের ব্যবস্থাকরণ।
- নিবন্ধক - মহাপরিচালক ও সকল উর্ধ্বতন কর্তৃপক্ষের আদেশ নির্দেশ পালন করা ।

* সমবায়ে গড়ব দেশ, বৈষম্যহীন বাংলাদেশ।

  * সমবায় শক্তি; সমবায়ই মুক্তি

  * সমবায়ের দর্শন; টেকসই উন্নয়ন

  * চারিদিকে একি শুনি; সমবায়ের জয়ের ধনি

  * দশের লাঠি একের বোঝা; সমবায়ের পথটি সোজা

  * সততাই শক্তি; সমবায়েই মুক্তি

  * একতা ও সততা; সমবায়ের মূল কথা

  * সমবায়ে কাজ কর; সবাই মিলে দেশ গড়

  * সমবায়ের ক্ষুদ্র ঋণ; আনবে মোদের সুখের দিন

  * মাঠে মাঠে সোনার ধান; সমবায়ের অবদান

  * দুঃখ জয়ের নবীন মন্ত্র ; সমবায় সমবায়

  * দশে মিলে গড়তে হবে দেশটাকে ভাই;
    সমবায় ছাড়া আর কোন বিকল্প যে নাই।